

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
 ডাক, টেলিযোগাযোগ ও তথ্য প্রযুক্তি মন্ত্রণালয়
 তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ
 তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর
 ডিজিটাল সংযোগ স্থাপন প্রকল্প
 প্রকল্প পরিচালকের দপ্তর
 জাতীয় বিজ্ঞান ও প্রযুক্তি কমপ্লেক্স, আগারগাঁও, ঢাকা-১২০৭

স্মারক নং- ৫৬.০৮.০০০০.১০৮.১৮.০০১.২২. ৮৭৭

৩ ফাল্গুন ১৪৩১
 তারিখ:
 ১৬ ফেব্রুয়ারি ২০২৫

বিষয়ঃ ডিজিটাল সংযোগ স্থাপন প্রকল্পের আওতায় “উপজেলা সেবা ও তথ্যপ্রযুক্তি প্রশিক্ষণ কেন্দ্র” সমূহে “নেট মিটারিং” পক্ষিতে বৈদ্যুতিক সংযোগ নিশ্চিতকরণ এবং ফিনিশিং মালামাল স্থাপন প্রসঙ্গে।

- সূত্রঃ**
- ১) বিদ্যুৎ, জ্বালানি ও খনিজ সম্পদ মন্ত্রণালয়ের বিদ্যুৎ বিভাগের জ্বালানি দক্ষতা ও সংরক্ষণ- ১ শাখার স্মারক নংঃ ২৭.০০.০০০০.০৯৬.১৪.০১৩.২২-১০৫; তারিখঃ ২৩ আগস্ট ২০২৩
 - ২) অত্র দপ্তরের স্মারক নংঃ ৫৬.০৮.০০০০.১০৮.১৮.০০১.২২- ৮৭৮; তারিখঃ ১০ ফেব্রুয়ারি ২০২৫

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগের অধীন এবং তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর কর্তৃক বাস্তবায়নাধীন “ডিজিটাল সংযোগ স্থাপন (ইডিসি)” প্রকল্পের আওতায় উপজেলা পর্যায়ে “উপজেলা সেবা ও তথ্যপ্রযুক্তি প্রশিক্ষণ কেন্দ্র” স্থাপনের নিমিত্ত ভৌত অবকাঠামো নির্মাণ কাজ চলমান রয়েছে। ইডিসি প্রকল্পের ভৌত অবকাঠামো নির্মাণ কাজ সম্পর্ক হলে অনুমোদিত ডিজাইন ও নির্দেশনা অনুযায়ী উক্ত ফ্লোরের জন্য তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর এর উপজেলা অফিসের নামে স্থানীয় বিদ্যুৎ বিতরণ কর্তৃপক্ষের নিকট হতে বিদ্যুৎ বিভাগ কর্তৃক জারিকৃত পরিষ্পত্রের শর্ত অনুযায়ী নেট মিটারিং পক্ষিতে স্থি-ফেজ নতুন বৈদ্যুতিক সংযোগ নিশ্চিত করার বাধ্যবাধকতা রয়েছে। উল্লেখ্য, এই নতুন সংযোগ স্থাপনের জন্য প্রয়োজনীয় অর্থ ঠিকাদারের দরপত্র চুক্তিতে অন্তর্ভুক্ত থাকায় উপজেলা আইসিটি অফিসারগণের বাড়তি কোন ব্যয় করার প্রয়োজন হবে না।

২। এমতাবস্থায়, উক্ত নতুন বৈদ্যুতিক সংযোগ এবং ফিনিশিং সংশ্লিষ্ট মালামাল {বৈদ্যুতিক, স্যানিটারি এবং সোলার (সেন্ট্রাল মনিটরিং ব্যবস্থাসহ সোলার সিস্টেম) অনুমোদিত শিডিউল (ব্রান্ড ও অরিজিন), স্পেসিফিকেশন ও নির্দেশনা অনুযায়ী} স্থাপন নিশ্চিতকরণের লক্ষ্যে সংশ্লিষ্ট উপজেলাৰ “উপজেলা আইসিটি অফিসার” গণকে স্থানীয় বিদ্যুৎ বিতরণ কর্তৃপক্ষ বরাবর আবেদন পূর্বক উপজেলা প্রকৌশলী (এলজিইডি) এবং নিয়োজিত ঠিকাদারকে সহযোগিতা করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

সংযুক্তিঃ ০২ (দুই) ফর্দ

উপজেলা আইসিটি অফিসার,
সংশ্লিষ্ট সকল উপজেলা।


 ১৬.০২.২০২৫
 (তানজিনা ইসলাম)
 প্রকল্প পরিচালক(যুগ্মসচিব)
 ডিজিটাল সংযোগ স্থাপন প্রকল্প

অবগতি ও প্রয়োজনীয় (প্রযোজ্য ক্ষেত্রে) ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো:

- ১) মহাপরিচালক, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর।
- ২) অতিরিক্ত মহাপরিচালক, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর।
- ৩) প্রকল্প পরিচালক, উপজেলা কমপ্লেক্স সম্প্রসারণ প্রকল্প (২য় পর্যায়), এলজিইডি।
- ৪) উপ-প্রকল্প পরিচালক, “ডিজিটাল সংযোগ স্থাপন” প্রকল্প, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর।
- ৫) পরিচালক (পরিকল্পনা ও উন্নয়ন), তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর।
- ৬) উপজেলা নির্বাচী অফিসার, সংশ্লিষ্ট সকল উপজেলা।
- ৭) উপজেলা প্রকৌশলী, সংশ্লিষ্ট সকল উপজেলা, এলজিইডি।
- ৮) মেইনটেন্যান্স ইঞ্জিনিয়ার, ডিজিটাল সংযোগ স্থাপন প্রকল্প, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর।
- ৯) প্রোগ্রামার (প্রশাসন ও মানব সম্পদ, অতিরিক্ত দায়িত্ব), “ডিজিটাল সংযোগ স্থাপন” প্রকল্প।
- ১০) জেলা আইসিটি অফিসার (সকল), তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর।
- ১১) অফিস কপি।